

একান্ত ভূমি

মাহমুদা রুন্না

ভাবনার অতল নদীতে জাগে চর
জাগে একান্ত এক ভূমি ।
সে আকাশ ভরা সূর্য-তারা
কখনও সঘন মেঘ
কখনও বা ঝড়
আবার ঝিলমিলে রোদ্দুর ।
বাগানজুড়ে বিলাস বৃক্ষ
শাখায় পাতায়
নিত্য নতুন
নান্দনিক নন্দনে অভূতপূর্ব ।
অপার শোভার শোভিত নিরেট ভূমি ।



বোদ্ধা মানুষ বুদ্ধি দিয়ে ভাবেন অনুক্ষণ
অধরা সব দুর্নিতিকে করবেন দূর
নীতিমালায়, নিয়ম ধারায়, দিয়ে সকল মন ।
জ্বালবে প্রভা সকল কাজে বিবেক নামের নুর ।
ধনে নিঃস্ব মানুষগুলো জ্ঞানে নিঃস্ব নয়
প্রজ্ঞা দিয়ে নিষ্ঠা দিয়ে আস্থা অটল কর্মে;
এই ছিল এই দেশের চরিত সত্য তা নিশ্চয়
মাটির প্রেমে মত্ত-মাতাল জনে এবং ধর্মে ।
কর্পূরসম উবে গেছে এতোসব গুনপনা
এখন যেন সবাই বিভোর ইয়ানাফসিতে -
আপনাতে আনমনা ।



একান্ত সেই ভূমিতেই জ্বলে দিলেম
অন্য আলোর সলতে
বিলাস গাছের অসীম শাখায়
পল্লবে আর পুষ্পে ।
আজো আছে অলয় প্রেমের ফল্লুধারার বার্না
আসবে নবীন মলয় হোয়ে,
দিগন্তের ওই গগন ফুরে,
বনময়ুরী পেখম মেলে আশায় সপ্তবর্না ।

বোদ্ধা মানব এবং আমি
একান্ত এক কল্প ভূমি,
নিঃস্ব আমি নিঃস্ব তুমি ।



নিষ্ঠা মৃত, প্রজ্ঞা গত, বিবেক গেছে স্বর্গে
দেশটা এখন পোস্টমর্টেমে শাসক-গড়া মর্গে ।
নেত্রনালী শুকিয়ে গেছে নীরব আখির কোটরে
জন্ম দে মা সত্য মানব, রত্নগর্ভা যঠরে ।